

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

নং-৫২.০০.০০০০.০০৫.১১.৮২৯.১৬-৪০

তারিখঃ ১১ মাঘ ১৪২৪  
২৪ জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৮/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়) ১১.২১৮৬.১৭-২৯৯ নম্বর স্মারকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের “প্রোগ্রামার” পদে নিয়োগ জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-৬, টাকা ৩৫৫০০/-৬৭০১০/- “প্রোগ্রামার” পদে বর্ণিত প্রার্থীকে অস্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম: নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা	রেজি: নং	নিজ জেলা
১	জনাব মুঃ ওয়াহিদ মুরাদ পিতা- জনাব মুঃ হাসেম মাতা-চেমন আরা বেগম	স্থায়ীঃ ঠিকানা :- ফ্ল্যাট, বাড়ি ও সড়ক নম্বর-মনু কন্ট্রাকটর বাড়ি, খাজা রোড গ্রাম: খলিফা পাড়া, দক্ষিণ চান্দগাঁও, ডাকঘর: চান্দগাঁও (৪২১২), খানা/উপজেলা: চান্দগাঁও, জেলা: চট্টগ্রাম। বর্তমানঃ ৬৩/১, ৬ষ্ঠ তলা, এশিয়া গার্ডেন, ডলফিনগলি, কলাবাগান, ঢাকা-১২০৫।	০০০১৩৯	চট্টগ্রাম

শর্ত:

(০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ০৫/০২/২০১৮ তারিখের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর যোগদান করতে হবে;

(০২) নিয়োগকৃত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(০৩) নিয়োগকৃত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকুরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রয়োজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;

(০৪) শিক্ষানবিশকালে তার চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;

(০৫) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক প্রেরিত পত্রের শর্ত মোতাবেক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে অথবা চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারী আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(০৬) নিয়োগকৃত কর্মকর্তা সরকারের বর্তমান ও ভবিষ্যতে প্রণীতব্য সরকারি চাকুরির যাবতীয় নিয়ম-নীতি, বিধি-বিধান, আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবেন;

(০৭) চাকুরিতে যোগদানকালে কর্মকর্তা যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;

(০৮) সরকারের অস্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেয়া হলো;

(০৯) নিয়োগকৃত কর্মকর্তা চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টি, এ/ ডি, এ প্রাপ্ত হবেন না।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-

কে এম মোজাম্মেল হক

সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


নং-৫২.০০.০০০০.০০৫.১১.৮২৯.১৬-৪০

তারিখঃ ১১ মাঘ ১৪২৪  
২৪ জানুয়ারি ২০১৮

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭ (তীর ১৬/০৮/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১৮৬.১৭-২৯৯ নং স্মারক মোতাবেক)।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ]।
- ০৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। জনাব মুঃ ওয়াহিদ মুরাদ, পিতা- জনাব মুঃ হাসেম, স্থায়ীঃ ঠিকানা :- ফ্ল্যাট, বাড়ি ও সড়ক নম্বর-মনু কন্ট্রাকটর বাড়ি, খাজা রোড গ্রাম: খলিফা পাড়া, দক্ষিণ চান্দগাঁও, ডাকঘর: চান্দগাঁও (৪২১২), থানা/উপজেলা: চান্দগাঁও, জেলা: চট্টগ্রাম।
- ০৮। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি/গার্ড নথি/ব্যক্তিগত নথি।

  
মোঃ মিজানুর রহমান  
উপসচিব